গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ সুপারের কার্যালয়
ঠাকুরগাঁও
thakurgaon.police.gov.bd

স্মারক নং- ২২০০/ই

তারিখ: ০৩-আশ্বিন-১৪২৯বঙ্গাব্দ।
১৮-সেপ্টেম্বর-২০২২খ্রিষ্টাব্দ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ পুলিশ শাখা-২ এর ০৫.০৭.২০২২ তারিখের ৪৪.০০.০০০০.০৯৫.০২.০১০.২০-২৭০ নং এবং পুলিশ হেডকোয়ার্টার্স ঢাকা এর ০৭.০৭.২০২২ তারিখের ৪৪.০১.০০০০.০২৮.১৮.০৬৭.২০২১-১০০১ নং স্মারকের ছাড়পত্রের নির্দেশনা অনুযায়ী পুলিশ সুপারের কার্যালয়, ঠাকুরগাঁও এর নিম্নবর্ণিত শূন্যপদ নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত ঠাকুরগাঁও জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত চাকরির আবেদনের মডেল ফরমে/নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ০২(দুই) টি | ১০২০০-২৪৬৮০/- (১৪ নং গ্রেড) | ক. কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে এইচ এস সি/সমমান পরীক্ষায় পাশ।<br>খ. শর্টহ্যান্ড প্রতি মিনিটে গতি বাংলায়-৪৫ এবং ইংরেজিতে-৭০ শব্দ।<br>গ. কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে গতি বাংলায়- ২৫ শব্দ এবং ইংরেজিতে- ৩০ শব্দ। |
| ২. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০২(দুই) টি | ৯৩০০-২২৪৯০/- (১৬ নং গ্রেড) | ক) কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে এইচ এস সি/সমমান পরীক্ষায় পাশ।<br>খ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে গতি বাংলায়- ২০ শব্দ এবং ইংরেজিতে- ২০ শব্দ। |

**শর্তাবলীঃ**

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও ঠাকুরগাঁও জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। গত ২৫/০৮/২০২০ তারিকের ১৫১১/ই, নং স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ইত:পূর্বে যে সকল প্রার্থী আবেদন করেছেন, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নাই।

০৩। ০১ নং পদের প্রার্থীর কম্পিউটার পরিচালনায় দক্ষতাসহ প্রতি মিনিটে টাইপ এবং শর্টহ্যান্ডে ইংরেজি ও বাংলায় নির্ধারিত গতি থাকতে হবে এবং ০২ নং প্রার্থীর কম্পিউটার পরিচালনায় দক্ষতাসহ প্রতি মিনিটে ইংরেজি ও বাংলা নির্ধারিত গতি থাকতে হবে।

০৪। নির্ধারিত আবেদন ফরমটি ঠাকুরগাঁও জেলা পুলিশের ওয়েবপোর্টাল (www.police.thakurgaon.gov.bd) এবং ঠাকুরগাঁও জেলা পুলিশের ওয়েবসাইট (www.thakurgaon.police.gov.bd) লিংকে এবং পুলিশ সুপারের কার্যালয়, ঠাকুরগাঁও এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

০৫। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৬। নির্ধারিত আবেদন ফরমটি কম্পিউটার কম্পোজ বা স্বহস্তে পূরণ করে আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ প্রার্থীকে স্বাক্ষর প্রদান করতে হবে।

০৭। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৮। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :
(ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫×৫ সে:মি: আকারের ছবি।
(খ) প্রার্থীকে ১-২২১১-০০০০-২০৩১ নম্বর কোডে ট্রেজারি চালানের মাধ্যমে ১০০/- (একশত) টাকা জমা দিয়ে চালানের মূল কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।
(গ) প্রবেশপত্র ইস্যুর স্বার্থে দরখাস্তের সাথে নিজের নাম ও ঠিকানা সম্বলিত ১৫/-(পনের) টাকার ডাক টিকিট লাগানো একটি ১০.৫” X ৪.৫” সাইজের ফেরৎ খাম প্রদান করতে হবে।

০৯। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজ পত্রাদির মূলকপি উপস্থাপন করতে হবে :
(ক) সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল মূল/সাময়িক সনদপত্র।
(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদপত্র।
(ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হিসেবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/ প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাতি/নাতনী হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক সনদ পত্র/প্রত্যয়ন পত্র দেখাতে হবে।
(চ) শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র।
(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।
(জ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।
(ঝ) ০১ নং পদের ক্ষেত্রে সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্রদত্ত কম্পিউটার ও শর্টহ্যান্ড প্রশিক্ষণ সনদপত্র এবং ০২ পদের ক্ষেত্রে সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণ সনদপত্র।

১০। প্রার্থীর বয়সসীমা ২০/০৯/২০২২ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পোষ্য এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

১১। দরখাস্ত পুলিশ সুপার, ঠাকুরগাঁও-কে সম্বোধন করে লিখতে হবে।

১২। আগামী ১৯/১০/২০২২ তারিখের মধ্যে আবেদনপত্র ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর অফিসে পৌঁছাতে হবে। সরাসরি আবেদনপত্র গ্রহণযোগ্য নয়।

১৩। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সমূহ বাতিল বলে গণ্য হবে।

১৪। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিসহ সীল থাকতে হবে।

১৫। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে। আবেদনপত্রের অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

১৬। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১৭। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৮। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) ও বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।

১৯। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি, এ/ডি, এ প্রদান করা হবে না।

২০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২১। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ দায়ী হবে না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন)
বিপি-৭৪০৫১২২৫২৬
পুলিশ সুপার
ঠাকুরগাঁও
ফোন-০২৫৮৯৯৩১৯৬০
ফ্যাক্স-০২৫৮৯৯৩১৯৬৩
Email-spthakurgaon@police.gov.bd

স্মারক নং- /ই তারিখ: -আশ্বিন-১৪২৯বঙ্গাব্দ। -সেপ্টেম্বর-২০২২খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

১. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ ও সভাপতি, বিভাগীয় নির্বাচনী বোর্ড, রংপুর।
২. ডিআইজি, রংপুর রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, রংপুর।
৩. অ্যাডিশনাল ডিআইজি(ওএন্ডএম), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৪. এআইজি(রিক্রুটমেন্ট অ্যান্ড ক্যারিয়ার প্লানিং-২)বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৫. জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬. সিভিল সার্জন, ঠাকুরগাঁও।
৭. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, ঠাকুরগাঁও।
৮. অতিরিক্ত পুলিশ সুপার(প্রশাসন), ঠাকুরগাঁও।
৯. স্থানীয় সকল সরকারী অফিস, ঠাকুরগাঁও।

নিয়োগ বিজ্ঞপ্তি আগামী ১৯/০৯/২০২২খ্রিঃ তারিখের দৈনিক পত্রিকায় প্রকাশসহ পত্রিকার ২কপি প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলোঃ

১০. বিজ্ঞাপন ম্যনেজার, দৈনিক সমকাল, টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
১১. বিজ্ঞাপন ম্যনেজার, The Daily sun ৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, বারিধারা, ঢাকা-১২২৯।
১২. বিজ্ঞাপন ম্যনেজার, দৈনিক লোকায়ন, কলেজপাড়া, ঠাকুরগাঁও।

(মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন)
বিপি-৭৪০৫১২২৫২৬
পুলিশ সুপার
ঠাকুরগাঁও।
ফোন-০২৫৮৯৯৩১৯৬০
ফ্যাক্স-০২৫৮৯৯৩১৯৬৩
Email-spthakurgaon@police.gov.bd

বরাবর,

# চাকরির আবেদন ফরম

৫×৫ সে.মি
ছবি
(সম্প্রতি তোলা তিন কপি)

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | পদের নাম : | | | | | | | | | |
| ২ | বিজ্ঞপ্তির নম্বর : | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | | | | | | | | | | |
| ৩ | প্রার্থীর নাম: | বাংলায় : | | | | | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) : | | | | | | | | |
| ৪ | জাতীয় পরিচয় পত্র নম্বর : | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর : | | | | | | | | | |
| ৫ | জন্ম তারিখ : | | | ৬.জন্মস্থান (জেলা): | | | | | | |
| ৭ | বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন | | | | | | |
| ৮ | মাতার নাম : | | | | | | | | | |
| ৯ | পিতার নাম : | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০ | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) : | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা : | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড : | | |
| | ডাকঘর : | | |
| | পোস্টকোড নম্বর : | | |
| | উপজেলা : | | |
| | জেলা : | | |
| ১১ | যোগাযোগ : | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল |
| ১২ | জাতীয়তা : | ১৩. | জেন্ডার: |
| ১৪ | ধর্ম : | ১৫. | পেশা: |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৬ | শিক্ষাগত যোগ্যতা | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| ১৭ | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : | | | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | কোটা (টিক দিন) : | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র কন্যার পুত্র কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) : |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০ | চালান /ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর : | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | | | | | | | | | | |
| | ব্যাংক ও শাখার নাম : | | | | | | | | | |
| ২১ | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় | | | | | | |

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমানের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমানিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষর